হীরক জয়ন্তী-২০২৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

তারিখ : ১৪.১১.২০২৬

এ্যালামনাইদের পরিবহন সংক্রান্ত বিজ্ঞপ্তি

নিবন্ধিত এ্যালামনাইদের গিফট হ্যাম্পার ও কুপন সংগ্রহ: কেন্দ্রীয় খেলার মাঠে স্থাপিত বুথে সকাল ৮টায় গিফট হ্যাম্পার ও কুপন বিতরণ কার্যক্রম শুরু হবে। শহর থেকে আসার সময় নিরাপত্তা দপ্তরের মোড়ে বাস থেকে নেমে কেন্দ্রীয় খেলার মাঠে গিফট হ্যাম্পার ও কুপন সংগ্রহ করে ফ্রি ই-কার সার্ভিসের মাধ্যমে শহীদ মিনারে এসে র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে কিংবা মাঠে অবস্থান করা যাবে অথবা সরাসরি শহীদ মিনার গিয়ে র‍্যালি শেষ করে মাঠে গিয়েও গিফট হ্যাম্পার ও কুপন সংগ্রহ করা যাবে। র‍্যালি সকাল ১০:০০ টায় শহীদ মিনার থেকে শুরু হয়ে মাঠে যাবে।

নিবন্ধনকারী এ্যালামনাইদের ফ্রি বাস সার্ভিস

সকাল বেলার সময়সূচি

মোট ৫০ টি বাস শহর থেকে ক্যাম্পাস ও ক্যাম্পাস থেকে শহর নিবন্ধনকারী এ্যালামনাইদের যাতায়াত সেবা প্রদান করবে।

১। বড়পোল মোড় ইস্টার্ন ব্যাংকের সামনে থেকে ০১ (এক) টি বাস সকাল ৭:৩০ ঘটিকায় ছেড়ে আগ্রাবাদ - ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স) হয়ে ক্যাম্পাসে আসবে।

২। আগ্রাবাদ বাদামতলী মোড় সোনালী ব্যাংকের সামনে থেকে সকাল ৭:৪৫ ঘটিকায় ০১(এক) টি এবং সকাল ৮:০০ ঘটিকায় ০১(এক)টি বাস আগ্রাবাদ - ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স) হয়ে ক্যাম্পাসে আসবে।

৩। নিউ মার্কেট থেকে ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স) হয়ে ৭টি বাস ক্যাম্পাসে ছেড়ে আসবে।

ক) সকাল ৭:৩০ ঘটিকায় ০১(এক)টি
খ) সকাল ৭:৪৫ ঘটিকায় ০৩ (তিন)টি
গ) সকাল ৮:০০ ঘটিকায় ০৩ (তিন)টি।

৪। ওয়াসার মোড় (জমিয়াতুল ফালাহ) থেকে ১৫ (পনেরো)টি বাস ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স) হয়ে ক্যাম্পাসের উদ্দেশ্যে ছেড়ে আসবে। এই ১৫টি বাস সকাল ৭:৩০ ঘটিকা থেকে পূর্ণ হওয়া সাপেক্ষে ছাড়া শুরু করে সর্বশেষ সকাল ৮:০০টা পর্যন্ত ছাড়বে।

৫। ষোলশহর শপিং কমপ্লেক্স থেকে ২৫ (পঁচিশ)টি বাস ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স) হয়ে ক্যাম্পাসের উদ্দেশ্যে ছেড়ে আসবে। এই ২৫টি বাস সকাল ৭:৩০ ঘটিকা থেকে পূর্ণ হওয়া সাপেক্ষে ছাড়া শুরু করে সর্বশেষ সকাল ৮:০০টা পর্যন্ত ছাড়বে।

৬। বিভিন্ন পয়েন্ট থেকে ছেড়ে আসা বাসসমূহে সিট খালি থাকা সাপেক্ষে নিবন্ধনকারী এ্যালামনাইরা স্বেচ্ছাসেবকদের সহায়তায় ২নং গেইট (কর্ণফুলী কমপ্লেক্স), পলিটেকনিক মোড় ও শেরশাহ লিংকরোড় মোড় থেকে বাসে উঠতে পারবেন।

ক্যাম্পাসের রুট: জিরো পয়েন্ট -সোহরাওয়ার্দী মোড় - নিরাপত্তা মোড় -সমাজ বিজ্ঞান অনুষদ - ব্যবসায় প্রশাসন অনুষদ হয়ে শহীদ ফরহাদ হোসেন হলের সামনের মাঠ /শহীদ আবদুর রব হলের মাঠে পার্কিং করবে।

বিকাল বেলা প্রস্থানের সময়সূচি

বিশ্ববিদ্যালয় শহীদ মিনার থেকে বিকাল ৪:০০ ঘটিকা হতে ৫:০০ ঘটিকার মধ্যে প্রতি ১৫ মিনিট অন্তর অন্তর ৫ (পাঁচ)টি করে মোট ২০ (বিশ)টি বাস পূর্ণ হওয়া সাপেক্ষে শহরের উদ্দেশ্যে ছেড়ে যাবে। অবশিষ্ট গাড়িসমূহ অনুষ্ঠান শেষে রাত ৯:০০ ঘটিকায় শহীদ মিনার থেকে ছেড়ে যাবে।

ফ্রি ই-কার সার্ভিস

০৬ (ছয়) টি ই-কার সকাল ৮:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত প্রকৌশল দপ্তর থেকে শহীদ মিনার পর্যন্ত চলাচল করবে (র‍্যালির সময় চলাচল বন্ধ থাকবে) । বাকী ০৬ (ছয়) টি ই-কার কাটা পাহাড় রাস্তার মুখ থেকে জীববিজ্ঞান পর্যন্ত প্রয়োজন অনুসারে চলাচল করবে।

গাড়িসমূহের পার্কিং

বাস: জিরো পয়েন্ট - সোহরাওয়ার্দী মোড় - নিরাপত্তা মোড় -সমাজ বিজ্ঞান অনুষদ - ব্যবসায় প্রশাসন অনুষদ হয়ে শহীদ ফরহাদ হোসেন হলের সামনের মাঠ / শহীদ আবদুর রব হলের মাঠে পার্কিং করবে।

ছোট গাড়ি: ব্যক্তিগত ছোট গাড়িসমূহ জিরো পয়েন্ট থেকে সোহরাওয়ার্দী হল মোড় হয়ে আলাওল হল, এ.এফ. রহমান হলের মাঠ, কেন্দ্রীয় মসজিদের সামনের স্থান ও সোহরাওয়ার্দী হল মাঠে পার্কিং করবে। সেখানে স্থান সংকুলন না হলে পরবর্তীতে শহীদ আবদুর রব হল হয়ে অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হলের সামনে এবং শহীদ ফরহাদ হোসেন হলের মাঠে পার্কিং করবে।

- **সকালবেলা ছোট গাড়িসমূহ (রিজার্ভ সিএনজি, কার ইত্যাদি) জিরো পয়েন্ট থেকে সোহরাওয়ার্দী হলের মোড় হয়ে যাত্রী নামিয়ে চ.বি. ২নং গেইট দিয়ে বেরিয়ে যাবে।**
- **দুপুর ২:০০ টা থেকে অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত সোহরাওয়ার্দী মোড়, নিরাপত্তা মোড়, ২নং গেইট থেকে কেন্দ্রীয় খেলার মাঠমুখী গাড়ি চলাচল সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।**

স্বাক্ষরিত/-
সদস্য-সচিব
হীরক জয়ন্তী পরিবহন উপ-কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

স্বাক্ষরিত/-
আহ্বায়ক
হীরক জয়ন্তী পরিবহন উপ-কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রম

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

স্মারক নং: টি ও/পি-০১০৪/৩৯৭২(১৫০)/২০২৬ তারিখ : ১৪.১১.২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চ.বি.।
০২। ডিন, সকল অনুষদ, চ.বি.।
০৩। প্রভোস্ট সকল হল, চ.বি. এবং ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চ.বি.।
০৪। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চ.বি.।
০৫। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি. (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চ.বি. [উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৭। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চ.বি. [উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৮। সভাপতি/পরিচালক, সকল বিভাগ/ইনস্টিটিউট/কেন্দ্র, চ.বি.।
০৯। প্রক্টর, চ.বি.।
১০। সকল অফিস প্রধান (সকল প্রশাসকসহ), চ.বি.।
১১। পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি.।
১২। অধ্যক্ষ, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ।
১৩। পরিচালক, আইসিটি সেল, চ.বি. (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ও ফেইসবুক পেইজে প্রচারের অনুরোধসহ)।
১৪। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও জনসংযোগ শাখা, চ. বি. ।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, চ.বি.।
১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার/কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন, চ.বি.।
১৭। পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.।
১৮। বিজ্ঞপ্তি ফলক (পরিবহন দপ্তর, চ.বি.)।
১৯। নথি।

14/11/2026
সহকারী রেজিস্ট্রার
পরিবহন দপ্তর, চ.বি.